

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
সদর উপজেলা, নেত্রকোণা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার

স্মারক নং- ৪৬.০৩.৭২৭৪.০৬৩.৯৯.০০৯.১৮ ২৭

তারিখ- ২২/০৯/২০২১ইং

নোটিশ

নেত্রকোণা সদর উপজেলার জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সেপ্টেম্বর/২০২১ইং মাসের সভা আগামী ২৮/০৯/২০২১ইং তারিখ, রোজ- মঙ্গলবার, সকাল ১০.০০ ঘটিকার সময় কমিটির সভাপতি, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর উপজেলা, নেত্রকোণা-এর কার্যালয়ে অনুষ্ঠিত হইবে।

সভায় আপনার উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হইল।

প্রাপক,

.....

.....

সদর, নেত্রকোণা।

AA
22.09.21

(আকাশ বসাক)
সদস্য সচিব,

জনস্বাস্থ্য ও স্যানিটেশন বিষয়ক স্ট্যান্ডিং কমিটি
ও

উপ-সহকারী প্রকৌশলী,
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
সদর উপজেলা, নেত্রকোণা

স্মারক নং- ৪৬.০৩.৭২৭৪.০৬৩.৯৯.০০৯.১৮

তারিখ- ২২/০৯/২০২১ইং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর উপজেলা, নেত্রকোণা।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর উপজেলা, নেত্রকোণা।
- ৩। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা জেলা, নেত্রকোণা।

AA
22.09.21

(আকাশ বসাক)

উপ-সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
সদর উপজেলা, নেত্রকোণা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভাইস চেয়ারম্যানের কার্যালয়
সদর উপজেলা, নেত্রকোণা।

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

বিষয় : উপজেলা পরিষদের জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি বিষয়ক কমিটির সেপ্টেম্বর/২০২১ইং মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব আব্দুল খালেক তালুকদার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

সভার স্থান : ভাইস চেয়ারম্যানের কার্যালয়, সদর উপজেলা, নেত্রকোণা।

সভার তারিখ : ২৮/০৯/২০২১ইং

সময় : সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ

ক্রঃ নং	নাম	ঠিকানা	পদবী
১।	জনাব আব্দুল খালেক তালুকদার	ভাইস চেয়ারম্যান নেত্রকোণা সদর উপজেলা	সভাপতি
২।	জনাব মোঃ আব্দুর রহিম	চেয়ারম্যান সিংহের বাংলা ইউ.পি.	সদস্য
৩।	জনাব মোঃ শফিকুল ইসলাম বাতেন	চেয়ারম্যান রৌহা ইউ.পি.	সদস্য
৪।	জনাব মোঃ মোস্তাফিজুর রহমান খান	চেয়ারম্যান মৌগাতী ইউ.পি.	সদস্য
৫।	জনাব মোঃ আবু বক্কর সিদ্দিক	চেয়ারম্যান দক্ষিণ বিশিউড়া ইউ.পি.	সদস্য
৬।	জনাব মোঃ আনোয়ার হোসেন	চেয়ারম্যান কাইলাটি ইউ.পি.	সদস্য
৭।	জনাব আকাশ বসাক	উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	সদস্য সচিব

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলেই স্বাগত জানান।

অতঃপর সভা পরিচালনা করার জন্য সভাপতি মহোদয় আকাশ বসাক, সদস্য সচিব, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ জানান। সভাপতির অনুমতি ক্রমে তিনি সভার আলোচনা শুরু করেন।

আলোচনা-১ঃ পূর্ববর্তী সভার রেজুলেশন পাঠ ও অনুমোদন।

উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, উপজেলা পরিষদের জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি বিষয়ক কমিটির অক্টোবর/২০২১ইং মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সকলের উদ্দেশ্যে পাঠ করে শোনান।

সিদ্ধান্তঃ সকলের সম্মতিতে এবং কোন আপত্তি না থাকায় কার্যবিবরণীটি অনুমোদন করা হয়।

(পাতা- ২)

আলোচনা-২ঃ সদর উপজেলায় সংশ্লিষ্ট বিভাগের পানি ও স্যানিটেশন বিষয়ক চলমান কার্যক্রম।

উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান যে, চলমান অর্থ বছরে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক ২০২০-২০২১ প্রকল্পের আওতায় ৩১২টি গভীর নলকূপের চলমান রয়েছে। বরাদ্দ নীতিমালা অনুযায়ী ৫০% মাননীয় সাংসদ মহোদয় এবং ৫০% উপজেলা পরিষদের মাধ্যমে বন্টন করার ব্যাপারে আলোচনা হয়। উপ-সহকারী প্রকৌশলী আরো জানান যে, সরকার নির্ধারিত সহায়ক চাঁদা পূর্বের মতোই ৭,০০০/= (সাত হাজার) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে। সকল কাজ সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করতে উপস্থিত ইউনিয়ন চেয়ারম্যান বৃন্দের সার্বিক সহযোগীতা কামনা করেন।

সিদ্ধান্তঃ প্রকল্পের কাজ সঠিক ভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তা, কর্মচারীবৃন্দের নিবিড় তত্ত্বাবধান ও জনপ্রতিনিধিবৃন্দের সার্বিক সহযোগীতা নিশ্চিত করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।

অন্য কোন আলোচনা না থাকায়, সভাপতি, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা জনস্বাস্থ্য ও স্যানিটেশন কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে পরিচালনার স্বার্থে সকলের সহযোগীতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(আব্দুল খালেক তালুকদার)

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
নেত্রকোণা সদর, নেত্রকোণা

ও

সভাপতি

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিত্ত পানি
সরবরাহ বিষয়ক স্ট্যাভিং কমিটি।

স্মারক নং- ৪৬.০৩.৭২৭৪.০৬৩.৯৯.০০৯.১৮

তারিখ- ২৮/০৯/২০২১ইং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর উপজেলা, নেত্রকোণা।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর উপজেলা, নেত্রকোণা।
- ৩। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা জেলা, নেত্রকোণা।

AA
28.09.21

(আকাশ বসাক)

উপ-সহকারী প্রকৌশলী,
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
সদর উপজেলা, নেত্রকোণা